

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

বাংলা (প্রথম ভাষা)

পূর্ণমান : ২০

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৩=৩
- ১.১ তপনের মেসোমশাই যে পত্রিকার সম্পাদককে চিনতেন—
- (ক) শুকতারা (খ) সন্ধ্যাতারা
(গ) বালক (ঘ) জ্ঞানান্বেষণ
- ১.২ তপনের লেখা প্রথম গল্পটির নাম—
- (ক) রাজা-রানির গল্প (খ) অ্যাকসিডেন্ট
(গ) প্রথম দিন (ঘ) বিদ্যালয় জীবনের অভিজ্ঞতা
- ১.৩ তপনের লেখা গল্প তার মেসোমশাইয়ের কাছে পৌঁছে দিয়েছিলেন তপনের—
- (ক) মা (খ) বাবা
(গ) মেজোকাকু (ঘ) ছোটোমাসি
২. একটি বা দুটি বাক্যে উত্তর দাও : ১×৩=৩
- ২.১ ‘... এমন সময় ঘটল সেই ঘটনা’। — উদ্ভূতাত্মে কোন্ ঘটনার কথা বলা হয়েছে?
- ২.২ ‘ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে।’ — কোন্ কথাটা ছড়িয়ে পড়ে?
- ২.৩ ‘বুকের রক্ত ছলকে ওঠে তপনের।’ — কখন তপনের এমন পরিস্থিতি হয়েছিল?
৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর লেখো : ৩×৩=৯
- ৩.১ ‘পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?’ — কোন্ ঘটনাকে কেন অলৌকিক বলা হয়েছে? ১+২
- ৩.২ ‘যদি কখনো লেখা ছাপতে দেয় তো, তপন নিজে গিয়ে দেবে।’ — কখন তপন এমন সিদ্ধান্ত নিয়েছিল? কেন তার এমন সিদ্ধান্ত? ১+২
- ৩.৩ গল্প ছেপে আসার পর যে আহ্লাদ হওয়ার কথা, সেই আহ্লাদ তপনের না হওয়ার কারণ কী? কেন দিনটি তার কাছে সবচেয়ে দুঃখের হয়ে উঠল? ১+২
৪. কম-বেশি ১৫০ শব্দে নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো : ৫
- ‘জ্ঞানচক্ষু’ গল্প অনুসরণে তপনের জ্ঞানচক্ষু কীভাবে উন্মীলিত হয়েছিল তা আলোচনা করো।